

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা।

www.rajuk.gov.bd

নং- ২৫.৩৯.০০০০.০০৯.২৭.৭০(৮).২১-১৫২৮

তারিখ:

১৫ কার্তিক ১৪২৮
১১ অক্টোবর ২০২১

অফিস আদেশ

জনাব পারুল আক্তার, ঠিকানাঃ ৫৫, করিমুল্লাহবাগ, শ্যামপুর, ঢাকা (ফ্ল্যাট স্বত্বাধিকারীগণের পক্ষে) ইমারতের নির্মাণকারী প্রতিষ্ঠান ইক্সরা ভেভেলপার্স লিঃ এর স্বত্বাধিকারী জনাব জুলহাস উদ্দিন এর বিরুদ্ধে ফ্ল্যাট ক্রয়ের চুক্তি ভঙ্গ ও রাজউক অনুমোদন ব্যতিরেকে নির্মাণকাজ সম্পর্কে অভিযোগ দাখিল করেন। প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে সংশ্লিষ্ট নথি পর্যালোচনায় দেখা যায়, রাজউক স্বারক নম্বর- ২৫.৩৯.০০০০.১৩১.৩২.৯৪.২০১৫ এ ইমারত নির্মাণ আইন ১৯৫২ এবং ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা ২০০৮ ব্যত্যয় করে ইমারত নির্মাণ করায় গত ২৯.১০.২০২০খ্রি. তারিখ চেয়ারম্যান, রাজউক বর্ণিত প্লটে উচ্ছেদ অভিযান এবং মোবাইল কোর্ট পরিচালনার অনুমোদন দেন। উক্ত অনুমোদনের প্রেক্ষিতে অথরাইজড অফিসার তাকে উচ্ছেদ অভিযানে সশস্ত্র পুলিশ ফোর্স মোতায়েনের জন্য গত ১৮.১১.২০২০ তারিখে পত্র তৈরি করে উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করলেও তিনি ২৯.০৯.২০২১খ্রি. তারিখ পর্যন্ত নথি উপস্থাপন না করে ইমারতের মালিককে অবৈধভাবে ইমারত নির্মাণের সুযোগ করে দিয়েছেন। তৎপ্রেক্ষিতে জনাব সাইফুল ইসলাম-কে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলে তিনি বিলম্বে ০৯ (নয়) কার্যদিবস পর জবাব দাখিল করেন। উক্ত জবাব সন্তোষজনক না হওয়ায় পরিচালক (জোন-৭) বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তাঁর এহেন কর্মকান্ড রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০১৩ এর বিধি ৩৭ (ক) ও ৩৭(খ) মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা এবং অসদাচরণের সামিল।

২.০ বর্ণিত অবস্থায়, রাজউকের আওতাধীন ৫৫, করিমুল্লাহবাগ, শ্যামপুর, ঢাকাস্থ অনুমোদনহীন নির্মাণাধীন ভবনের বিরুদ্ধে উচ্ছেদ অভিযান এবং মোবাইল কোর্ট পরিচালনার কার্যক্রম গ্রহণ না করায় রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০১৩ এর বিধি ৩৭ (ক) ও ৩৭(খ) মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা এবং অসদাচরণের অভিযোগে জনাব মোঃ সাইফুল ইসলাম, ইমারত পরিদর্শক, জোন-৭, রাজউক-কে অদ্য ২৭.১০.২০২১খ্রি. তারিখ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

৩.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৭.১০.২০২১

এ বি এম আমিন উল্লাহ নুরী
চেয়ারম্যান
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

নং- ২৫.৩৯.০০০০.০০৯.২৭.৭০(৮).২১-১৫২৮ তারিখ:

১৫ কার্তিক ১৪২৮
১১ অক্টোবর ২০২১

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সদস্য প্রশাসন ও অর্থ/এস্টেট ও ভূমি/উন্নয়ন নিয়ন্ত্রণ/পরিকল্পনা/উন্নয়ন), রাজউক, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন/প্রকল্প ও ডিজাইন), রাজউক, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস শাখা, রাজউক, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. পরিচালক (প্রশাসন/এস্টেট ও ভূমি-১/২/অর্থ ও হিসাব/নিরীক্ষা ও বাজেট/উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২/আইন), রাজউক, ঢাকা।
৭. পরিচালক (বোর্ড, জনসংযোগ ও প্রটোকল), রাজউক, ঢাকা।
৮. নগর পরিকল্পনাবিদ (নগর পরিকল্পনা ও বাস্তবায়ন/পরিকল্পনা প্রণয়ন), রাজউক, ঢাকা।
৯. নগর স্থপতি, রাজউক, ঢাকা।
১০. জনাব মোঃ সাইফুল ইসলাম, ইমারত পরিদর্শক, জোন-৭, রাজউক, ঢাকা।
১১.।
১২. লিয়াজো অফিসার, রাজউক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১/১০/২০২১

পরিচালক (প্রশাসন)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।